

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯২৬

আগরতলা, ২৪ জুলাই, ২০২৫

মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে বিভিন্ন
রাজনৈতিক দলের প্রতিনিধিদের বৈঠক

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্দু ও ড. বিবেক জোশি আজ নয়াদিল্লির নির্বাচন সদনে সর্বভারতীয় আন্না দ্রাবিড় মুন্নেত্র কড়গম (AIADMK)-এর প্রতিনিধিদলের সঙ্গে এক সাক্ষাতে মিলিত হন। প্রতিনিধিদলটির নেতৃত্বে ছিলেন দলের অনুমোদিত প্রতিনিধি শানমুগম। এই সাক্ষাতের সময় তাঁরা কমিশনের কাছে তাঁদের মতামত ও প্রস্তাব তুলে ধরেন।

প্রেক্ষাপট: এই বৈঠকটি বিভিন্ন জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের সভাপতিদের সঙ্গে নির্বাচন কমিশনের ধারাবাহিক আলোচনার অংশ। (সংযুক্ত তালিকা দ্রষ্টব্য)। এই ধরনের আলোচনা দীর্ঘদিনের প্রত্যাশিত একটি প্রক্রিয়া যা জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলগুলির সভাপতিদের কমিশনের সঙ্গে সরাসরি মতামত বিনিময়ের সুযোগ দেয়।

এই উদ্যোগটি সমস্ত অংশীদারদের সঙ্গে বর্তমান আইনগত কাঠামোর আওতায় নির্বাচন প্রক্রিয়াকে আরও শক্তিশালী করার কমিশনের বৃহত্তর দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

স্বীকৃত জাতীয় রাজনৈতিক দলসমূহ:

রাজনৈতিক দলের নাম	প্রতিনিধিদলের নেতৃত্ব	বৈঠকের তারিখ
বহুজন সমাজ পার্টি (BSP)	কুমারী মায়াবতী (দলীয় সভানেত্রী)	৬ মে, ২০২৫
ভারতীয় জনতা পার্টি (BJP)	জগৎ প্রকাশ নাড্ডা (দলীয় সভাপতি)	৮ মে, ২০২৫
কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্ক্সবাদী)	এম.এ. বেবি (সাধারণ সম্পাদক) কনরাড সাংমা (দলীয় সভাপতি)	১০ মে, ২০২৫ ১৩ মে, ২০২৫
ন্যাশনাল পিপলস পার্টি (NPP)	অরবিন্দ কেজরিওয়াল (জাতীয়	১৫ মে, ২০২৫
আম আদমি পার্টি (AAP)	আহুয়াক)	

স্বীকৃত রাজ্য রাজনৈতিক দলসমূহ:

রাজনৈতিক দলের নাম	প্রতিনিধিদলের নেতৃত্ব	বৈঠকের তারিখ
সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস (AITC)	চন্দ্রমা ভট্টাচার্য (অনুমোদিত প্রতিনিধি)	১ জুলাই, ২০২৫
যুবজন শ্রমিক রৈতু কংগ্রেস পার্টি	ওয়াই ভি. সুব্বা রেডিউ রামগোপাল যাদব (সাধারণ সম্পাদক)	৩ জুলাই, ২০২৫
সমাজবাদী পার্টি		৩ জুলাই, ২০২৫
সর্বভারতীয় মজলিস-ই- ইত্তেহাদুল মুসলিমিন	আসাদউদ্দিন ওয়াইসি (জাতীয় সভাপতি)	২০২৫
তেলুগু দেশম পার্টি	পল্লী শ্রীনিবাস রাও (রাজ্য সভাপতি)	২০২৫

দ্রাবিড় মুন্নেত্র কড়গম	এন.আর. এলাঙ্গো	১৫ জুলাই,
কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া	সঞ্জয় শর্মা (অনুমোদিত প্রতিনিধি)	২০২৫
(মার্ক্সবাদী-লেনিনবাদী	ত্রিশকেতু দেববর্মা (সাধারণ	১৭ জুলাই,
লিবারেশন)	সম্পাদক)	২০২৫
টিপরা মথা পার্টি		২২ জুলাই,
		২০২৫
		২৩ জুলাই,
		২০২৫

অতিরিক্ত তথ্য: চলতি বছরের মার্চ মাসে মোট ৪,৭১৯টি সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে, যার মধ্যে মুখ্য নির্বাচন কর্মকর্তারা (সি.ই.ও.) ৪০টি, জেলা নির্বাচন কর্মকর্তারা (ডি.ই.ও.) ৮০০টি এবং নির্বাচনী নিবন্ধন কর্মকর্তারা (ই.আর.ও.) ৩,৮৭৯টি বৈঠক করেন। এই বৈঠকগুলিতে ২৮,০০০-এরও বেশি রাজনৈতিক দলের প্রতিনিধির অংশগ্রহণ ছিল। ভারতের নির্বাচন কমিশন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
